



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক অফিসারের কার্যালয়
বোয়ালখালী, চট্টগ্রাম।

উপজেলা পরিষদ “মহিলা ও শিশু উন্নয়ন” কমিটির সভা

সভাপতি : জনাব এস এম সেলিম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম
সভার তারিখ ও সময় : ১৪ নভেম্বর, ২০২১খ্রি.
সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, বোয়ালখালী
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে সভার শুরুতে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বোয়ালখালীকে অনুরোধ জানান। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর অদ্যকার সভার আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। তবে ভিজিডি ২০২১-২২ অর্থ বছরে জন্য ভাতা ভোগী নির্বাচনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা রয়েছে। মাতৃত্বকালীন ভাতাভোগী নির্বাচনের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে নির্দেশনা দেয়া হয়েছে। ল্যাকটেটিং মাদার ভাতাভোগীর বিষয়ে মেয়র, বোয়ালখালী পৌরসভাকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে বলে জানান। এছাড়া নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে তাঁর নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে বলে জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	গরীব ও অসহায় মহিলারা যাতে তাদের কাজিত সেবা হতে বঞ্চিত না হয় সেদিকে সার্বিক সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার বোয়ালখালী, চট্টগ্রাম।

অতঃপর সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস এম সেলিম

সভাপতি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

বোয়ালখালী, চট্টগ্রাম।

তারিখ : ১৪.১১.২০২১খ্রি.

স্মারক নং : উপঃকৃষিঃঅফিঃকার্যা/বোয়াল/২১-২৫

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম
২. উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম।
৩. অফিস কপি

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

জনাব.....
বোয়ালখালী, চট্টগ্রাম।

সোনিয়া সাফি

উপজেলা মহিলা বিষয়ক অফিসার

বোয়ালখালী, চট্টগ্রাম